চুয়াডাঙ্গায় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযান- জরিমানা আদায়

চুয়াডাঙ্গায় সারের দোকানে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে।

মঙ্গলবার দুপুর দেড়টার সময় চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার সরোজগঞ্জ বাজারে এই অভিযান পরিচালনা করা হয়।

এসময় চুয়াডাঙ্গা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, নির্ধারিত মূল্য ছাড়াও কৃষকের কাছে বেশি মূল্য নিয়ে ইউরিয়া সার বিক্রির অভিযোগ পাওয়া গেলে। জেলার সরোজগঞ্জ এলাকায় বিভিন্ন সারের দোকানে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়। অভিযান কালে খাড়াগোদার বিসিআইসি ডিলার হুদাবুর রহমানের ব্যবসা প্রতিষ্ঠানে ৮০০ টাকার ইউরিয়া সার ৯৯০ টাকা টাকা পর্যন্ত বিক্রির প্রমাণ পাওয়া যায়। এই সময় অভিযুক্ত সার ব্যবসায়ীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

নির্ধারিত মূল্য ছাড়া কৃষকের কাছ থেকে বেশি মূল্য নিয়ে সার বিক্রির অভিযোগ পাওয়া গেলে ডিলার ও ব্যবসায়ীর বিরুদ্ধে এই ধরনের ব্যবস্থা গ্রহণ করা হবে বলে ঘোষণা দেন ভোক্তা অধিকার সংরক্ষণের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। অভিযান পরিচালনাকালে সার্বিকভাবে সহযোগিতা করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।